

বিষয়: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বগুড়া জেলার টিএমএসএস ফিরোজা বেগম আয়ুর্বেদিক-ইউনানী মেডিকেল কলেজের অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম এর সচিত্র পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বাজেট অধিশাখার স্মারক নং-বিইউএ/কঅউ/৩১৮/২০২০/১০২২, তারিখ: ০৬/০৯/২০২১ খ্রি. এর নির্দেশনার আলোকে "টিএমএসএস ফিরোজা বেগম আয়ুর্বেদিক-ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল" এর সরকারি সহায়তার আবেদনের বিষয়ে ২৬/০৫/২০২২ খ্রি. তারিখ সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন এসাথে সংযুক্ত করে প্রেরণ করা হলো:

সংযুক্তি: ২১৮ পাতা।

(মোঃ আহসান কবীর)

যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

ইউ.ও.নোট নং ৫৯.০০.০০০০.১৩৮.৯৯.০০১.২২-০৫

তারিখ: ১৪/০৬/২০২২ খ্রি.

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে -

১. যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
চিকিৎসা শিক্ষা অধিশাখা

পরিদর্শন প্রতিবেদন

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বাজেট অধিশাখার স্মারক নং-বিইউএ/কঅউ/৩১৮/২০২০/১০২২, তারিখ: ০৬/০৯/২০২১ খ্রি. এর নির্দেশনার আলোকে "টিএমএসএস ফিরোজা বেগম আয়ুর্বেদিক-ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল" এর সরকারি সহায়তার আবেদনের বিষয়ে ২৬/০৫/২০২২ খ্রি. তারিখ সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য নিম্নরূপ:

ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্থায়ী ঠিকানা:

টিএমএসএস ফিরোজা বেগম আয়ুর্বেদিক-ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল।
সুজাবাদ, দহপাড়া (নতুন বাইপাস), বনানী, বগুড়া-৫৮০০ (সংযুক্তি- ০১)।

খ) প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়নের চাহিদা:

পাঁচতলা বিশিষ্ট মহিলা হোস্টেল ভবন নির্মাণ ১০,৬৫,৪৭,১১৫ টাকা, ল্যাব উন্নয়ন ৩,১৭,১৬,২৩১ টাকা, পটিশ শয্যাবিশিষ্ট হাসপাতাল উন্নয়ন ৫১,৯৭,০৫০ টাকা, হারবেরিয়াম তৈরি ৭,৫২,০০০ টাকা, ভেষজ বাগান তৈরি ২৮,৩৩,৩০০ টাকা (সংযুক্তি- ০২)।

গ) অবকাঠামোগত উন্নয়নের বিস্তারিত ব্যয় প্রাক্কলন/বিভাজন:

পাঁচতলা বিশিষ্ট মহিলা হোস্টেল ভবন নির্মাণ	: ১০,৬৫,৪৭,১১৫ টাকা
ল্যাব উন্নয়ন	: ৩,১৭,১৬,২৩১ টাকা
পটিশ শয্যাবিশিষ্ট হাসপাতাল উন্নয়ন	: ৫১,৯৭,০৫০ টাকা
হারবেরিয়াম তৈরি	: ৭,৫২,০০০ টাকা
ভেষজ বাগান তৈরি	: ২৮,৩৩,৩০০ টাকা
মোট	: ১৪,৭০,৪৫,৬৯৬ টাকা (সংযুক্তি- ০২)।

ঘ) প্রতিষ্ঠানটির মোট জমির পরিমান:

১.৩৪ একর (সংযুক্তি- ০৩)।

ঙ) বিদ্যমান ভবন:

৩০৪০০ বর্গফুটের ৭ তলা বিশিষ্ট ভবন রয়েছে (ছবি সংযুক্তি- ০৪)।

চ) ছাত্র/ছাত্রী সংখ্যা:

১ম বর্ষে ৭৫ জন, ২য় বর্ষে ১০০ জন, ৩য় বর্ষে ৪১ জন, ৪র্থ বর্ষে ৩৪ জন। মোট ২৫০ জন শিক্ষার্থী রয়েছে (সংযুক্তি- ০৫)।

ছ) শিক্ষকের সংখ্যা:

প্রতিষ্ঠানটিতে অধ্যক্ষসহ মোট ৯ জন শিক্ষক রয়েছেন (সংযুক্তি- ০৬)।

জ) প্রতিষ্ঠাকাল:

টিএমএসএস ফিরোজা বেগম আয়ুর্বেদিক-ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল ২০১৪ সালে প্রতিষ্ঠিত হয়।

ঝ) প্রতিষ্ঠানের অনুমোদন ও নবায়নকাল:

প্রতিষ্ঠানটির অনুমোদন রয়েছে এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষের জন্য অধিভুক্তি নবায়নে ২৮/১০/২০২০ তারিখ ফি জমা প্রদান করা হয়েছে মর্মে দেখা যায় (সংযুক্তি- ৭)।

১.

এ) অধ্যক্ষের নাম, মোবাইল নং ও ইমেইল:

নাম : মোঃ শাহজালাল

মোবাইল নং : ০১৭৩০-৭৩৫৯১৩

ইমেইল : principal.tfauamch@tmss-ict.com

ট) যে যে বিষয়ে পাঠদান হয়:

০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারি।

ঠ) কোর্স সংক্রান্ত তথ্যাবলি (বিস্তারিত):

১ম বর্ষ- সাধারণ বিজ্ঞান, আয়ুর্বেদে ইতিহাস, অষ্টাঙ্গ সংগ্রহ, দ্রব্যগুণ বিজ্ঞান-পরিভাষা,

২য় বর্ষ- শরীর রচনা বিজ্ঞান, শরীর ক্রিয়া বিজ্ঞান, রোগ বিজ্ঞান, দ্রব্যগুণ বিজ্ঞান-২, রসশাস্ত্র ও ভেষজ্য কল্পনা।

৩য় বর্ষ- চরক সংহিতা (পূর্বাধ), স্বাস্থ্য বিজ্ঞান ও সামাজিক চিকিৎসা, বিকৃতি বিজ্ঞান, ব্যবহার বিজ্ঞান অগদতন্ত্র, প্রসুতী তন্ত্র ও কৌমারভিত্য, রসায়ন ও বাজীকরণ।

৪র্থ বর্ষ- চরক সংহিতা, কায় চিকিৎসা, স্ত্রী রোগ বিজ্ঞান, রোগ নির্ণয় পদ্ধতি, শৌলবিদ্যা, শালক্য তন্ত্র (কোর্স সিলেবাস সংযুক্তি- ৮)।

ড) প্রতিষ্ঠানটির বিভিন্ন কক্ষের চিত্র: (সংযুক্তি- ৯)।

ঢ) মন্তব্য:

পরিদর্শনকালে ছাত্রছাত্রী উপস্থিত ছিল। নিরিবিলি পরিবেশে প্রতিষ্ঠানটি অবস্থিত। লেখাপড়ার পরিবেশ ভাল। ল্যাবরেটরি, পাঠাগার ও ভেষজ উদ্ভিদের বাগান উন্নয়নে প্রতিষ্ঠানটির চাহিদা মোতাবেক আর্থিক সহায়তা প্রদান করা হলে এটি উত্তর অঞ্চলের একটি ভালমানের গুরুত্বপূর্ণ আয়ুর্বেদিক প্রতিষ্ঠানে পরিনত হবে মর্মে প্রতীয়মান হয়েছে।

2. 08/06/2022

(মোঃ আহসান কবীর)

যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা)

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।